**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১১১/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ৭ ডিসেম্বর ২০১৭, ২৩ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাংলাদেশ বিশ্বশান্তিকে সর্বোচ্চ গুরুত্ব দেয় : রাষ্ট্রপতি

২। তরুণরাই দেশকে এগিয়ে নিয়ে জাতির পিতার স্বপ্নকে সার্থক করবে : প্রধানমন্ত্রী

৩। ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী : প্রথমদিনের আকর্ষণ রোবট সোফিয়া

৪। প্রধানমন্ত্রীর সঙ্গে বিদেশি চিকিৎসকদলের সাক্ষাৎ

৫। আজ গণভবনে প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন : কম্বোডিয়া সফর প্রসঙ্গ

৬। ভারত থেকে দেড় লাখ টন চাল আমদানির সিদ্ধান্ত : ক্রয়কমিটিতে অনুমোদন

৭। সৌদি ব্যবসা ও বিনিয়োগের ক্ষেত্রে ১৪ খাত চিহ্নিত
দু'দেশের ব্যবসায়ীদের সভায় একাধিক খাতে এমওইউ স্বাক্ষর

৮। রোহিঙ্গা ইস্যুতে সারাবিশ্ব বাংলাদেশের পাশে আছে : পররাষ্ট্রমন্ত্রী

৯। গত বারো বছরে বিদেশ গমন করেছে ৭১ লাখ ৩২ হাজার কর্মী : প্রবাসী কল্যাণমন্ত্রী

১০। তালিকাভুক্ত ১ লাখ ৮৪ হাজার ৩৯৪ মুক্তিযোদ্ধা তিন মাসের ভাতা পাচ্ছেন এ মাসেই

১১। বুড়িগঙ্গার তলদেশে টানেল নির্মাণ করা হবে : নৌপরিবহণ মন্ত্রী

১২। শীতলপাটির বিশ্বজয় : নির্বস্তুক সাংস্কৃতিক ঐতিহ্য ঘোষণা ইউনেস্কো'র

চলমান পাতা-২

১। **বাংলাদেশ বিশ্বশান্তিকে সর্বোচ্চ গুরুত্ব দেয় : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, বাংলাদেশ সবসময় বন্ধুপ্রতিম দেশগুলোর সঙ্গে পারস্পরিক সম্পর্ক এবং বিশ্বশান্তি ও সম্প্রীতিকে সর্বোচ্চ গুরুত্ব দেয়। তিনি বলেন, আমাদের বৈদেশিকনীতি স্বাধীন, যার লক্ষ্য বৈশ্বিক শান্তি ও সম্প্রীতি। গতকাল (৬ নভেম্বর বুধবার) রাষ্ট্রপতির সঙ্গে বঙ্গভবনে ন্যাশনাল ডিফেন্স কোর্স ও আর্মড ফোর্স ওয়ার কোর্স ২০১৭-এর কোর্সে অংশগ্রহণকারীরা সাক্ষাৎ করতে গেলে তিনি এসব কথা বলেন। বিভিন্ন শান্তিরক্ষা মিশনে নিয়োজিত আইন প্রয়োগকারী সংস্থা ও সশস্ত্রবাহিনীগুলোর প্রতি পারস্পরিক শ্রদ্ধা ও সহযোগিতার আহ্বান জানিয়ে রাষ্ট্রপতি বিশ্বশান্তি ও শৃঙ্খলা রক্ষায় দেশের ভাবমূর্তি উজ্জ্বল করায় শান্তিরক্ষীদের ধন্যবাদ জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

২। **তরুণরাই দেশকে এগিয়ে নিয়ে জাতির পিতার স্বপ্নকে সার্থক করবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তথ্যপ্রযুক্তির বিকাশের ফলে দেশের তরুণ প্রজন্মকে আগামী দিনের জন্য প্রস্তুত থাকার আহ্বান জানিয়ে বলেছেন, দেশের মেধাবী তরুণ প্রজন্মই আইসিটি সেক্টরকে এগিয়ে নেওয়ার মাধ্যমে বাংলাদেশকে উন্নত দেশের কাতারে শামিল করার স্বপ্ন সার্থক করবে। তিনি বলেন, নতুন প্রজন্মের প্রতি আমার আহ্বান থাকবে, 'রেডি ফর টুমরো'। গতকাল (৬ ডিসেম্বর বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে আইসিটি সেক্টরের মেগা ইভেন্ট চারদিনব্যাপী 'ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭'র আনুষ্ঠানিক উদ্বোধনকালে প্রধানমন্ত্রী আরও বলেন, আজকের বাংলাদেশ ডিজিটাল বাংলাদেশ, এটা কেউ অস্বীকার করতে পারবে না। মানুষকে যে কথা দিয়েছি নির্বাচনি ইশতেহারে, আমরা তা রেখেছি। সুন্দর আগামীর জন্য তরুণ প্রজন্মকে প্রস্তুত হওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, আমরা তরুণদের আধুনিক প্রযুক্তি শিক্ষায় দক্ষ করে গড়ে তুলেছি। কাজেই সমগ্রবিশ্ব এখন তাদের হাতের মুঠোয় এবং আমি আশাকরি এ তরুণরাই দেশকে এগিয়ে নিয়ে জাতির পিতার উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়ার স্বপ্নকে সার্থক করবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

৩। **ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী : প্রথম দিনের আকর্ষণ রোবট সোফিয়া**

তথ্যপ্রযুক্তিখাতে দেশের অর্জন, অগ্রগতি ও আগামীর রূপরেখা দেশি-বিদেশি তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞ, উদ্যোক্তা, বিনিয়োগকারী ও সাধারণ মানুষকে জানানোর লক্ষ্যে ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৭ গতকাল (৬ ডিসেম্বর বুধবার) শুরু হয়েছে। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এবং রোবোটিক্সের সমন্বয়ে গড়া মেলায় অতিথি হিসেবে আসা সোফিয়ার সঙ্গে কথোপকথন করে ট্যাব চেপে মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কথোপকথনে প্রধানমন্ত্রী 'হ্যালো সোফিয়া, কেমন আছ' জিজ্ঞাসা করলে সোফিয়া জবাব দেয়,'হ্যালো মাননীয় প্রধানমন্ত্রী, আমি গর্ব অনুভব করছি; আপনার সঙ্গে আজকের এই সাক্ষাৎ দারুণ ব্যাপার'। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে পঞ্চমবারের মতো অনুষ্ঠিত এ আয়োজনের প্রথম দিনে আকর্ষণের কেন্দ্র ছিল বিশ্বের প্রথম নাগরিকত্ব পাওয়া সোশ্যাল রোবট সোফিয়া। ডিজিটাল ওয়ার্ল্ডের মঞ্চে যন্ত্রমানবী সোফিয়ার কথা ও তার অভিব্যক্তি উপস্থিত দর্শকদের কৌতূহলী করে তুলেছে। চারদিনের এ মেলা চলবে ৯ ডিসেম্বর পর্যন্ত। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৪। **প্রধানমন্ত্রীর সঙ্গে বিদেশি চিকিৎসকদলের সাক্ষাৎ**

বার্ন ও প্লাস্টিক এবং নিউরোলজিস্টদের সমন্বয়ে বিদেশি চিকিৎসকদের এক প্রতিনিধিদল গতকাল (৬ ডিসেম্বর বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সাক্ষাৎ করেছেন। প্রধানমন্ত্রী ডিএমসিএইচ বার্ন ও প্লাস্টিক সার্জারি ইউনিটে বিপুলসংখ্যক রোগীকে বিনামূল্যে চিকিৎসাসেবা দেওয়ায় তাদের আন্তরিক ধন্যবাদ জানান। প্রধানমন্ত্রী এ সময় গাজীপুরের কাশিমপুরে শেখ ফজিলাতুন্নেসা মুজিব কেপিজে বিশেষায়িত হাসপাতাল প্রতিষ্ঠার কথা

উল্লেখ করে বলেন, হাসপাতালটি সম্পূর্ণ একটি সেবামূলক প্রতিষ্ঠান এবং ৩৩ শতাংশ রোগীকে বিনামূল্যে চিকিৎসাসেবা দেওয়া হয়। জার্মানি, নেদারল্যান্ডস ও হাঙ্গেরি থেকে আসা এ চিকিৎসকদলটি ঢাকা



মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ও প্লাস্টিক সার্জারি ইউনিটে বিনামূল্য রোগীদের চিকিৎসাসেবা দিচ্ছেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৫। আজ গণভবনে প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন : কম্বোডিয়া সফর প্রসঙ্গ**

প্রধানমন্ত্রীর কম্বোডিয়া সফর সম্পর্কে জানাতে আজ (৭ ডিসেম্বর বৃহস্পতিবার) বিকেল চারটায় গণভবনে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী তাঁর সর্বশেষ কম্বোডিয়া সফরের সময় অর্জিত সাফল্যগুলো তুলে ধরবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৬। ভারত থেকে দেড় লাখ টন চাল আমদানির সিদ্ধান্ত : ক্রয়কমিটিতে অনুমোদন**

দেশের খাদ্য ঘাটতি মেটাতে সরকারি পর্যায়ে ভারত থেকে দেড় লাখ টন সিদ্ধ চাল আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। এছাড়া ৫০ হাজার টন গম আমদানিসহ ৮ ক্রয়প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (৬ ডিসেম্বর বুধবার) সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে ক্রয়কমিটির বৈঠকে প্রস্তাবগুলোর অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৭)।

**৭। সৌদি ব্যবসা ও বিনিয়োগের ক্ষেত্রে ১৪ খাত চিহ্নিত**
**দু'দেশের ব্যবসায়ীদের সভায় একাধিক খাতে এমওইউ স্বাক্ষর**

বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে ভবিষ্যৎ বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতার ক্ষেত্র সম্প্রসারণে ১৪টি খাত চিহ্নিত করেছেন দু'দেশের ব্যবসায়ী প্রতিনিধিরা। এ লক্ষ্যে গতকাল (৬ ডিসেম্বর বুধবার) প্রাথমিকভাবে একাধিক খাতে সমঝোতাস্মারক স্বাক্ষরিত হয়েছে। সফররত সৌদি আরবের বাণিজ্য প্রতিনিধিদলের সঙ্গে এফবিসিসিআই'র 'বিজনেস টু বিজনেস' আলোচনাসভায় সম্ভাব্য ব্যবসা স্থাপনে এসব খাত চিহ্নিত করা হয়েছে। প্রধান অতিথি ছিলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। সৌদি আরবের ইন্টারন্যাশনাল মার্কেটিং অ্যান্ড ইনভেস্টমেন্ট গ্রুপের সভাপতি মোসাবাব আবদুল্লাহ আলকাহতানির নেতৃত্বে ২১ সদস্যবিশিষ্ট একটি উচ্চপর্যায়ের ব্যবসায়ী প্রতিনিধিদল সভায় অংশ নেয়। অনুষ্ঠানে এফবিসিসিআই এবং সৌদি আরবের শীর্ষস্থানীয় ম্যানুফ্যাকচারার ও নির্মাণ প্রতিষ্ঠান আলফানার এনার্জির মধ্যে বাংলাদেশে ৪০-১০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন সৌরবিদ্যুৎ প্রকল্প স্থাপনে একটি সমঝোতাস্মারক স্বাক্ষরিত হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.১৫,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৮। রোহিঙ্গা ইস্যুতে সারাবিশ্ব বাংলাদেশের পাশে আছে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী বলেন, রোহিঙ্গাদের নিজ দেশে ফেরাতে সারাবিশ্ব বাংলাদেশের পাশে রয়েছে। গতকাল (৬ ডিসেম্বর বুধবার) জাতীয় জাদুঘরে 'বাংলাদেশ-ভারত মৈত্রী এবং দক্ষিণ এশিয়ার নিরাপত্তা' শীর্ষক আলোচনাসভায় এসব কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী মাহমুদ আলী। ১৯৭১ সালের ৬ ডিসেম্বর বাংলাদেশকে স্বীকৃতি দেয় ভারত। স্বীকৃতির ৪৬ বছর পূর্তি উপলক্ষে এ আলোচনাসভার আয়োজন করে 'একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি'। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.২)।

**৯। গত বারো বছরে বিদেশ গমন করেছে ৭১ লাখ ৩২ হাজার কর্মী : প্রবাসীকল্যাণ মন্ত্রী**

২০০৫ থেকে ২০১৭ সালের সেপ্টেম্বর পর্যন্ত দেশের ৬৪টি জেলা থেকে মোট ৭১ লাখ ৩২ হাজার ৪২৮ জন কর্মী বিদেশ গমন করেছে। এর মধ্যে সর্বনিম্ন কর্মী প্রেরণের অবস্থানে আছে বান্দরবান জেলা ৩ হাজার ২০৫

জন এবং সর্বোচ্চ অবস্থানে কুমিল্লা জেলা ৭ লাখ ৮৪ হাজার ৮৩৮ জন। গতকাল (৬ ডিসেম্বর বুধবার) ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত বৈঠকে এই তথ্য জানানো হয়। এসডিজি বাস্তবায়নে অভিবাসনে পিছিয়ে থাকা জেলাসমূহকে সম্পৃক্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন প্রবাসী কল্যাণমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। তিনি বলেন, সরকার দেশ ও দেশের মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে। আমাদের এ কাজে শামিল হয়ে অভিবাসনে পিছিয়ে থাকা ২৪টি জেলার জনগণকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তিতে রূপান্তর করতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫)।

**১০। তালিকাভুক্ত ১ লাখ ৮৪ হাজার ৩৯৪ মুক্তিযোদ্ধা তিন মাসের ভাতা পাচ্ছেন এ মাসেই**

তালিকাভুক্ত ১ লাখ ৮৪ হাজার ৩৯৪ জন মুক্তিযোদ্ধা চলতি বছরের অক্টোবর থেকে ডিসেম্বর পর্যন্ত তিন মাসের সম্মানী ভাতা এ মাসেই পাচ্ছেন। গতকাল (৬ ডিসেম্বর বুধবার) মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের এক আদেশে জানানো হয়, ইতোমধ্যে এ খাতে ৫৫৩ কোটি ১৮ লাখ ২০ হাজার টাকা ছাড় করা হয়েছে। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এ বিষয়ে জানান, দেশে বর্তমানে প্রায় ২ লাখ ৩০ হাজার মুক্তিযোদ্ধার তালিকা রয়েছে। যাচাইবাছাই প্রক্রিয়া অব্যাহত রয়েছে। একই ব্যক্তির নাম একাধিক জায়গায় তালিকাভুক্ত থাকায় সঠিক তালিকা প্রণয়নে বিলম্ব হচ্ছে। ভাতা প্রদানকারী মুক্তিযোদ্ধার সংখ্যা কমপক্ষে ২ লাখে উন্নীত হতে পারে বলে মন্ত্রী জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৪)।

**১১। বুড়িগঙ্গার তলদেশে টানেল নির্মাণ করা হবে : নৌপরিবহণ মন্ত্রী**

ঢাকার সদরঘাট অঞ্চলে বুড়িগঙ্গা নদীর দুই পাড়ের যাত্রীদের সহজে যাতায়াতের জন্য নদীর তলদেশে টানেল নির্মাণ করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষকে (বিআইডব্লিউটিএ) নির্দেশনা দেওয়া হয়েছে। গতকাল (৬ ডিসেম্বর বুধবার) সদরঘাট লঞ্চ টার্মিনাল পরিদর্শনশেষে নতুন সম্প্রসারিত টার্মিনাল ভবনে বিআইডব্লিউটিএ'র কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে এক বৈঠকে এ কথা জানান নৌপরিবহণ মন্ত্রী শাজাহান খান। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৩), **সমকাল** (পৃ.৫,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**১২। শীতলপাটির বিশ্বজয় : নির্বস্তুক সাংস্কৃতিক ঐতিহ্য ঘোষণা ইউনেস্কো'র**

বিশ্ব নির্বস্তুক সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় বাংলাদেশের শীতলপাটিকে যুক্ত করেছে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থা ইউনেস্কো। গতকাল (৬ ডিসেম্বর বুধবার) এ স্বীকৃতির ঘোষণা দেন ইউনেস্কোতে রিপাবলিক অব কোরিয়ার স্থায়ী প্রতিনিধি লি পাইয়ংগ-হাইউন। সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর জানিয়েছেন, নির্বস্তুক সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের জন্য কমিটি শীতলপাটির বয়নপদ্ধতির স্বীকৃতি দিয়ে একে এ তালিকাভুক্ত করেছে। এর আগে পহেলা বৈশাখের মঙ্গল শোভাযাত্রা, বাংলার বাউলসংগীত ও ঐতিহ্যবাহী জামদানি বুননপদ্ধতি ইউনেস্কো'র এ তালিকায় যুক্ত হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনপেন্ট** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক.** **জনকণ্ঠ :** মাধ্যমিক উচ্চশিক্ষা অধিদফতরের স্কুলভিত্তিক স্ব-মূল্যায়ন প্রতিবেদনে দেশে খুব ভাল মানের মাধ্যমিক স্কুল দশ শতাংশের কম হওয়ার বিষয়কে হতাশাজনক উল্লেখ করে মানসম্পন্ন শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**খ.** **ইত্তেফাক :** চট্টগ্রাম নগরীতে গণপরিবহণ সংকটের কারণে সৃষ্ট জনদুর্ভোগের বিষয় উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**গ.** **সমকাল :** ঝুঁকিপূর্ণভাবে যেখানে-সেখানে ত্রুটিপূর্ণ বিদ্যুৎ লাইন অনেক প্রাণহানির কারণ উল্লেখ করে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন :** বাল্যবিবাহ রোধে আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **অবজারভার :** বিদেশে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরি, বেসিক ব্যাংক ও এনআরবি ব্যাংকের আর্থিক অনিয়ম, দুর্নীতির কথা উল্লেখ করে সন্দেহজনক আর্থিকপ্রতিষ্ঠান এবং এসব প্রতিষ্ঠানের পরিচালনায় নিয়োজিত ব্যক্তিদের ব্যাপারে সতর্ক থাকতে অর্থ মন্ত্রণালয় ও যথাযথ কর্তৃপক্ষকে পরামর্শ ।

চ. **ডেইলি স্টার :** দেশের সমুদ্র ও স্থল বন্দরগুলোর কাস্টমস্ হাউজে আমদানি করা অনেক পণ্য মালিকানা দাবি না করায় মাসের পর মাস পড়ে থেকে পণ্যজট তৈরি করছে উল্লেখ করে যথাযথ কর্তৃপক্ষকে এসব পণ্য নিলামের ব্যবস্থা করার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** উন্নত দেশগুলোর অবিবেচক আচরণে সৃষ্ট ক্রমাগত দূষণের ফলে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি পাচ্ছে যা উন্নয়নশীল দেশগুলোকে বিরূপ পরিস্থিতির মুখে ফেলছে এ অবস্থার উত্তরণ না হলে টেকসই উন্নয়ন নিশ্চিত করা সম্ভব হবে না বলে মতপ্রকাশ।

জ. **ডেইলি সান :** বর্তমান বিশ্বে আঞ্চলিক যোগাযোগ এবং সহযোগিতা উন্নয়নের পূর্বশর্ত উল্লেখ করে ভৌগোলিকভাবে বাংলাদেশের সুবিধাজনক অবস্থানকে কাজে লাগিয়ে আর্থিকভাবে লাভবান হওয়ার সম্ভাবনার বিষয়ে অভিমত ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধাদের ইতিহাসে যথাযথ স্থান দিতে হলে মুক্তিযোদ্ধা সুরক্ষা আইন প্রণয়ন করা প্রয়োজন।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'আধুনিক যোগাযোগ ব্যবস্থায় বদলে যাবে ঢাকার চিত্র'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আমাদের যোগাযোগ ব্যবস্থাপনায় নির্মিতব্য মেট্রোরেল ও বিআরটি চালু হলে এবং বর্ণিত সনাতন মাধ্যমগুলোকে মানসম্পন্ন অবস্থায় উন্নীত করতে পারলে ঢাকা শহরে যোগাযোগ ব্যবস্থায় যুগান্তকারী পরিবর্তন আসবে।

#

খাদীজা/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৭